



রপ্তানি উন্নয়ন ব্যুরো
মেলা ও প্রদর্শনী বিভাগ
টিসিবি ভবন ১, কাওরান বাজার
ঢাকা।



নং-২৬.০২.০০০০.০৩১.৫৮.৫২৬.২০। ১৬৬

তারিখঃ ২১ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
০৫ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়ঃ ফ্রান্সের প্যারিসে অনুষ্ঠিতব্য **Texworld and Apparel Sourcing/Leatherworld** শীর্ষক মেলার **virtual ও physical** সংস্করণে অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ফ্রান্সের প্যারিসে **Texworld and Apparel Sourcing/Leatherworld** শীর্ষক মেলার **virtual** সংস্করণটি আগামী ০১ সেপ্টেম্বর, ২০২০ হতে ০১ ফেব্রুয়ারি, ২০২১ পর্যন্ত এবং ০১-০৪ ফেব্রুয়ারি, ২০২১ সময়ে মেলার **physical** সংস্করণে ইপিবি কর্তৃক অংশগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আলোচ্য ডিজিটাল মেলার তথ্যাদি নিম্নরূপঃ

- অংশগ্রহণকারী প্রতিষ্ঠান ০১ সেপ্টেম্বর, ২০২০ হতে ০১ ফেব্রুয়ারি, ২০২১ পর্যন্ত **virtual format** এ ৫(পাঁচ) মাস পর্যন্ত প্রবেশাধিকার সুবিধা পাবে;
- উক্ত ডিজিটাল মেলার ফি ইউরো ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) মাত্র ধার্য করা হয়েছে, যা দেশীয় মুদ্রায় ৭৫,৮০০.০০ টাকা;
- virtual format** এ যে সকল প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে তাদেরকে আবশ্যিকভাবে আগামী ০১-০৪ ফেব্রুয়ারি, ২০২১ সময়ে অনুষ্ঠিতব্য **physical** মেলায় অংশগ্রহণ করতে হবে। ডিজিটাল প্ল্যাটফর্মের ব্রেশিউর এতদসঙ্গে সংযুক্ত করা হলো। **Physical** মেলাটির ০৩টি অংশে বিভক্ত যা নিম্নরূপঃ

সিগনেট	প্রতিটি বুথের ভাড়া (Furnished Booth)
ক) Texworld (Fabrics and Denim Exhibitors)	Euro 9,288.00 (Booth size: 12 sqm). প্রতিটি বুথ ভাড়া টাকা ৯,৩৮,০৮৮.০০ (নয় লক্ষ আটত্রিশ হাজার আটশত), কর্ণার বুথের জন্য অতিরিক্ত ১০% হারে টাকা ৯৩,৮০০.০০ (তিরানব্বই হাজার আটশত);
খ) Apparel Sourcing (Garment Manufacturers)	Euro 6,147.00 (Booth size: 09 sqm. প্রতিটি বুথ ভাড়া টাকা ৬,২০,৮৪৭.০০ (ছয় লক্ষ বিশ হাজার আটশত সাতচল্লিশ), কর্ণার বুথের জন্য অতিরিক্ত ১০% হারে টাকা ৬২,০৮৫.০০ (ষাষটি হাজার পঁচাত্তর);
গ) Leather world (Finished Leather Goods)	Euro 6,147.00 (Booth size : 09 sqm) প্রতিটি বুথ ভাড়া টাকা ৬,২০,৮৪৭.০০ (ছয় লক্ষ বিশ হাজার আটশত সাতচল্লিশ), কর্ণার বুথের জন্য অতিরিক্ত ১০% হারে টাকা ৬২,০৮৫.০০ (ষাষটি হাজার পঁচাত্তর)।

০৩। উক্ত মূল্যের উপর প্রতিষ্ঠানের রপ্তানি আয় বিবেচনা পূর্বক টেবিল উল্লেখিত হারে ভর্তুকি প্রদান করা হবেঃ

(I) তৈরী পোশাক এর প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ


ক্রঃ নং	রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার	ক্যাটাগরী	ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	১০ এর উপরে	“ক”	২০%
০২	০৫-১০	“খ”	৩৫%
০৩	০৫ এর নিচে	“গ”	৪৫%
০৪	প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	“ঘ”	৫০%

(II) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

ক্রঃ নং	রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার	ক্যাটাগরী	ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য	“ক”	৪০%
০৪	প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	“খ”	৫০%

০৪। বর্ণিতাবস্থায়, আপনার প্রতিষ্ঠান/সমিতির সদস্য প্রতিষ্ঠানসমূহ উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদনপত্রের সাথে **virtual ও physical** মেলা সংস্করণের জন্য প্রযোজ্য হারে অংশগ্রহণ ফি ইপিবি-এর অনুকূলে পে-অর্ডার আকারে আগামী ২০ আগস্ট ২০২০ তারিখের মধ্যে ইপিবি'র মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদন পত্রের ছক www.epb.gov.bd থেকে ডাউনলোড করা যাবে। আবেদন পত্রের সাথে (ইআরসি, ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী প্রতিনিধির পাসপোর্ট এর কপি, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, সর্বশেষ অর্থবছরের পিআরসি) অবশ্যই দাখিল করতে হবে।

০৫। উল্লেখ্য, সংশ্লিষ্ট দেশের ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবির উপর দায় দায়িত্ব বর্তাবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে **physical** মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেয়া হবে। তবে ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে মেলা স্থগিত হলে **physical** সংস্করণের জন্য জমাকৃত অংশগ্রহণ ফি ফেরত প্রদান করা হবে।


(আবু মোখলেছ আলমগীর হোসেন)
উপ-পরিচালক (মেলা)
টেলিঃ ০২-৮১৮০০৮৮

